

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রমিক নং-১, সাপাশো(অপাঃ) এর ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্ত ক্রমিক নং-২, বাজার দরের কপি।

সংযুক্ত ক্রমিক নং-৩, আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এ অভ্যন্তরে দেবদারু গাছ পরিষ্কার করণ কাজ (গ্রুপ-৩)।

০১। সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার একটি কে পিআই ভূক্ত স্থাপনা এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ হতে প্রতিদিন লক্ষ্যমাত্রা অনুযায়ী ২২.৫ কোটি লিটার এর বেশী পরিশোধিত পানি ঢাকা মহানগরবাসীদের সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগারে বিভিন্ন স্থাপনার পাশাপাশি বিশাল খোলাচত্বর বিদ্যমান যাতে বিভিন্ন প্রজাতির গাছ রোপন করা হয়েছে এবং প্রতিনিয়ত খোলা জায়গায় অনেক ঘাস-আগাছার সৃষ্টি হয়ে থাকে। ঘাসকাটার মেশিন দিয়ে ঘাস ও আগাছা প্রতিনিয়তই পরিষ্কার করা হয়ে থাকে। কিন্তু প্লান্টের অভ্যন্তরে বিদ্যমান দেবদারু গাছ গুলো দীর্ঘদিন ডাল-পালা কেটে পরিচর্যা করা হয় না। ফলে গাছ গুলো পরিচর্যার অভাবে গাছ গুলো মরণ ধরে প্লান্টের সৌন্দর্য্য নষ্ট হচ্ছে। প্রতিনিয়ত প্লান্টে বিদেশী অতিথি, বিভিন্ন দেশের দাতাসংস্থার প্রতিনিধিবর্গ, সরকারি উচ্চ পদস্থ কর্মকর্তা, মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ বিভিন্ন পর্যায়ের অতিথি প্লান্ট ভিজিট করে থাকেন। সেই কারনেও প্লান্টের অভ্যন্তরীণ পরিবেশ সব সময় পরিষ্কার-পরিচ্ছন্ন ও দৃষ্টি নন্দন এবং আকর্ষণীয় রাখার প্রয়োজন হয়ে থাকে। এই সকল কারণে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর অভ্যন্তরে বিদ্যমান দেবদারু গাছ গুলো পরিষ্কার করা জরুরী প্রয়োজন। সেই লক্ষ্যে বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন উপস্থাপন করা হল। প্রাক্কলিত টাকার পরিমাণ টা : ২৪,৫০০.০০ টাকা (চব্বিশ হাজার পাঁচশত) মাত্র। আলোচ্য কাজটি ২০২৫-২০২৬ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনায় পানি ও পয়ঃ পরিশোধন প্লান্ট (ওএন্ডএম) খাতের ক্রমিক নং-এম-১১০ ও প্যাকেজ নং-ইউইউএস-৪ হতে নির্বাহ করা হবে।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে ও সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর অভ্যন্তরে বিদ্যমান দেবদারু গাছ গুলো পরিষ্কার কাজ (গ্রুপ-৩) এ উপস্থাপিত সর্বমোট পরিমাণ টা : ২৪,৫০০.০০ টাকা (চব্বিশ হাজার পাঁচশত) টাকার প্রাক্কলনটির আর্থিক-প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী সরাসরি ক্রয় প্রক্রিয়ায় সম্পন্নের অনুমোদন দেয়া যেতে পারে। যার অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


২০/১১/২৫

Md. Sirazul Islam
Sub-Assistant Engineer
Saidabad Water Treatment Plant (Op.)
Dhaka WASA



10/11/25

সৈয়দ মোঃ মাহফুজুর রহমান
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।


১০/১১/২৫

মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।


SE, WSTP


10.11.2025

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


১০/১১/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্ধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা